**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানি সম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা-০৩ শাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

নং-৪২.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৭-২৮৯ **তারিখ: ০৩ আশ্বিন, ১৪২৪**
**১৮ সেপ্টেম্বর, ২০১৭**

**বিষয়: গত ২০-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত Sustainable Development Goal-এর Indicators 6.3.2 & 6.6.1 এর ডাটা নির্ধারিত ফরমেটে পূরণ ও প্রতিবেদন প্রণয়ন বিষয়ের উপর কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান (পরিকল্পনা) জনাব মন্টু কুমার বিশ্বাস এঁর সভাপতিত্বে গত ২০-০৮-২০১৭ তারিখে Sustainable Development Goal এর Indicators 6.3.2 & 6.6.1 এর ডাটা নির্ধারিত ফরমেটে পুরণ ও প্রতিবেদন প্রণয়ন বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

Rasel ১৮/৯/২০১৭
**(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)**
**সিনিয়র সহকারী প্রধান**
**ফোন: ৯৫৭৭২৩৪**

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা **(দৃঃআঃ ড. শ্যামল চন্দ্র দাস, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর)।**

২। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২১৫ **(দৃঃ আঃ ড. মোঃ নুরুল আলম, উপ পরিচালক (কৃষি ও মৎস্য)।**

৩। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ওয়ারপো ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫ **(দৃঃআঃ মোহাম্মদ আলমগীর, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য)।**

৪। উপপ্রধান-০১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, বাড়ী নং-৪৯৬, সড়ক-৩২, নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ **(দৃঃআঃ মোঃ হযরত আলী, উর্ধ্বতন বিশেষজ্ঞ)।**

৬। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, বাড়ী নং-৬, সড়ক-২৩/সি, গুলশান-১, ঢাকা **(দৃঃআঃ এ.টি.এম সামসুল আলম, পরিচালক)।**

৭। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সংশ্লিষ্ট নথি/ মাস্টার নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানি সম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা-৩ শাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

**বিষয় : Sustainable Development Goal-এর Indicators 6.3.2 & 6.6.1 এর ডাটা নির্ধারিত ফরমেটে পূরণ বিষয়ের উপর কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | মন্টু কুমার বিশ্বাস |
| তারিখ | : | ২০-০৮-২০১৭ খ্রি. |
| স্থান | : | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সময় | : | দুপুর ২.০০ টা |

পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান জনাব মন্টু কুমার বিশ্বাস এঁর সভাপতিত্বে Sustainable Development Goal-এর Indicators 6.3.2 & 6.6.1 এর ডাটা নির্ধারিত ফরমেটে পূরণ ও প্রতিবেদন প্রণয়ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনার জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সন্নিবেশিত।

০২। আলোচনা :

২.১। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, টেকসই উন্নয়ন অভীষ্ট '২০৩০ এজেন্ডা' এর Indicators 6.3.2: Ambient Water Quality এবং 6.6.1: Method on Water-related Ecosystem এর মনিটরিং ও রিপোর্টিং এবং জাতীয় পর্যায়ে বেইজলাইন ডাটা সংগ্রহ করা গুরুত্বপূর্ণ। বর্ণিত ২টি সূচকের উপর নমুন সংগ্রহ, নমুনা বিশ্লেষণ, ডাটা তৈরি, ডাটা বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন ও UN Environment বরাবর প্রতিবেদন প্রেরণের উপর গত ১৬ আগষ্ট, ২০১৭ তারিখে Indicators 6.3.2: Ambient Water Quality এবং ১৭ আগষ্ট, ২০১৭ তারিখে 6.6.1: Method on Water-related Ecosystem এর উপর দুইদিন ব্যাপী একটি কর্মশালা পরিবেশ অধিদপ্তরে অনুষ্ঠিত হয়। জাতিসংঘের সংস্থা United Nations Environment Programme (UNEP)-র Fresh Water Ecosystem বিশেষজ্ঞ Mr. Chis Dickens উক্ত সভায় ডাটা নির্ধারিত ফরমেটে পূরণপূর্বক সেপ্টেম্বর/২০১৭ এর মধ্যে সম্পন্ন করার বিষয়ে ওয়ার্কশপে সকলকে অবহিত করেন। সভায় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি বলেন, ইতোমধ্যে Indicator 6.3.2 এর উপর নির্ধারিত ফরমেটে ডাটা দিয়ে প্রতিবেদন UN Environment ও মুখ্য সমন্বয়ক SDG অর্থ্যাৎ প্রধানমন্ত্রীর কার্যালয়ে সরাসরি প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বাপাউবোর প্রতিনিধিকে অনুরোধ করা হয়। অনুরুপভাবে Indicator 6.6.1 এর উপরও নির্ধারিত ফরমেটে ডাটা দিয়ে প্রতিবেদন প্রণয়ন বিষয়ে এ সভা আহ্বান করা হয়েছে বলে সভাপতি উল্লেখ করেন।

২.২। সভাপতি বলেন যে, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ইতোপূর্বে Indicator 6.6.1 change in the extent of water related ecosystems overtime এর বিষয়ে Action Plan প্রণয়ন করেছে যা GED তে প্রেরণ করা হয়েছে। এছাড়া CEGIS কর্তৃক প্রণীত National Action Plan for Achieving SDG-6: Clean Water and Sanitation সংক্রান্ত পুস্তিকায় ও Action Plans under target 6.6 প্রণয়ন করা হয়েছে। উক্ত অভিজ্ঞতার আলোকে বাহাওজউঅ কর্তৃক নির্ধারিত ফরমেটে ডাটা দিয়ে এ প্রতিবেদন প্রণয়ণ করা প্রয়োজন। তবে এ কাজে বাপাউবো, ওয়ারপো ও সিইজিআইএস এর প্রতিনিধিগণ সক্রিয়ভাবে সহায়তা করবেন। বাহাওজউঅ এর প্রতিনিধি জানান যে, জনবল সংকটের কারণে তিনি সাধারণ দাপ্তরিক কার্যক্রম সঠিক সময়ে পালন করতে পারছেন না বিধায় অতিরিক্ত এ দায়িত্ব সম্পাদন করা তাঁর পক্ষে সম্ভবপর হবে না।

২.৩ সভাপতি বলেন যে, বৈশ্বিক ও দেশীয় প্রেক্ষাপটে SDG খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। দাপ্তরিক কাজের ব্যস্ততার মধ্যেও যথাসময়ে ও সঠিক তথ্য দিয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট Indicator ২টির প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ করতে হবে। বাহাওজউঅ এর নেতৃত্বে বাপাউবো, ওয়ারপো ও সিইজিআইএস এর প্রতিনিধির সমন্বয়ে Indicator 6.6.1 এর প্রতিবেদন আগামী সেপ্টেম্বর/২০১৭ এর মধ্যে আবশ্যিকভাবে প্রণয়ন করতে হবে। মন্ত্রণালয়ের উপপ্রধান-০১ বিষয়টি তদারকি করবেন।

০৩। **সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.১। বাহাওজউঅ এর নেতৃত্বে বাপাউবো, ওয়ারপো ও সিইজিআইএস এর প্রতিনিধির সমন্বয়ে Indicator 6.6.1 এর প্রতিবেদন আগামী সেপ্টেম্বর/২০১৭ এর মধ্যে আবশ্যিকভাবে প্রণয়ন করতে হবে।

৩.২। মন্ত্রণালয়ের উপপ্রধান-০১ SDG সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের বিষয়টি তদারকি করবেন।

০৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
১৭-০৯-২০১৭)
মন্টু কুমার বিশ্বাস
যুগ্ম প্রধান